

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৪৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ অনাবৃষ্টি হলে ইমামের জন্য মুস্তাহাব হলো মানুষের জন্য আল্লাহর কাছে পানি প্রার্থনা করা

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْإِمَامِ عِنْدَ وُقُوعِ الْجَدْبِ بِالنَّاسِ أَنْ يَسْتَسْقِيَ اللَّهَ جَلَّ وَعَلَا لَهُمْ

আরবী

2847 \_ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْن خُزَيْمَةَ وَعُمَرُ بْنُ مُحَمَّدِ قَالَا: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى الصَّنْعَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُعْتَمِنُ بْنُ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ عُبَيْدَ اللَّه بْنَ عُمَرَ عَنْ ثَابِت عَنْ أَنَس بْن مَالِك قَالَ: كَانَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ يَوْمَ الْجُمُعَةِ فَقَامَ إِلَيْهِ النَّاسُ فَصَاحُوا فَقَالُوا: يَا نَبِيَّ اللَّهِ قَحِطَ الْمَطَرُ وَاحْمَرَّ الشَّجَرُ وَهَلَكَتِ الْبَهَائِمُ فَادْعُ اللَّهَ أَنْ يَسْقِيَنَا فَقَالَ: (اللَّهُمَّ اسْقِنَا) قَالَ: وَايْمُ اللَّهِ مَا نَرَى فِي السَّمَاءِ قَزَعَةً مِنْ سَحَابِ قَالَ: فَنَشَأَتْ سَحَابَةٌ فَانْتَشَرَتْ ثُمَّ إِنَّهَا مَطَرَتْ فَنَزَلَ نَبِيُّ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصلَّى وَانْصرَفَ فَلَمْ تَزَلْ تُمْطِرُ إِلَى الْجُمُعَةِ الْأُخْرَى فَلَمَّا قَامَ النَّبِيُّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ صِاحُوا وَقَالُوا: يَا نَبِيَّ اللَّهِ تَهَدَّمَت الْبُيُوتُ وَانْقَطَعَت السُّبُلُ فَادْعُ اللَّهَ يَحْبِسْهَا عَنَّا قَالَ: فَتَبَسَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ: (اللَّهُمَّ حَوَالَيْنَا وَلَا عَلَيْنَا) قَالَ: فَتَقَشَّعَتْ عَنِ الْمَدينَةِ فَجَعَلَتْ تُمْطِرُ حَوْلَهَا وَمَا تَقْطُرُ بِالْمَدينَةِ قَطْرَةً قَالَ: فَنَظَرْتُ إِلَى الْمَدينَةِ وَإِنَّهَا لَفِي مِثْل الإكليل الراوي: أنس بن مَالِك | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2847 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1065): خ، م مختصراً.

বাংলা

২৮৪৭. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া



সাল্লাম জুমু'আর খুতবা দিচ্ছিলেন, এমন সময় লোকজন দাঁড়িয়ে চিৎকার করে বলেন, "হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, অনাবৃষ্টি শুরু হয়েছে, গাছ-পালা লাল হয়ে গেছে আর গবাদি পশুগুলো ধ্বংস হয়ে গেছে, অতএব আপনি আল্লাহর কাছে দু'আ করুন, যেন তিনি আমাদেরকে পানি দান করেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, اللَّهُمُّ السُقِنَا (হে আল্লাহ, আপনি আমাদেরকে পানি দান করুন।"

আনাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমরা আকাশে এক টুকরো মেঘও দেখছিলাম না। অতঃপর আকাশে মেঘ সৃষ্টি হয়। তারপর তা পানি বর্ষন করে। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিম্বার থেকে অবতরণ করেন এবং সালাত আদায় করেন অতঃপর চলে যান। তারপর সেই জুমু'আহ থেকে পরের জুমু'আহ পর্যন্ত বৃষ্টি হতে থাকে।"

আনাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পরের জুমু'আর খুতবা দিচ্ছিলেন, এমন সময় লোকজন দাঁড়িয়ে চিৎকার করে বলেন, "হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, বাড়ি-ঘর সব ধ্বসে গেছে, রাস্তা-ঘাটগুলো ছিন্ন-ভিন্ন হয়ে গেছে! অতএব আপনি আল্লাহর কাছে দু'আ করুন, যেন তিনি এই বৃষ্টি বন্ধ করেন।"

আনাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুঁচকি হাসেন এবং বলেন, اللَّهُمَّ (হে আল্লাহ, আমাদের আশে-পাশে বৃষ্টি দিন; আমাদের উপর নয়)।"

রাবী বলেন, "অতঃপর মদীনা থেকে বৃষ্টি সরে যায় এবং মদীনার আশ-পাশে বর্ষন হতে থাকে। মদীনায় এক ফোঁটা পানিও আর বর্ষন হয়নি।" রাবী বলেন, "অতঃপর মদীনার দিকে তাকিয়ে দেখেছি সেটা মুকুটের মতো (পরিষ্কার) ছিল।"[1]

## ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/১৯১; সহীহ বুখারী: ১০১৬; সহীহ মুসলিম: ৮৯৭; আবূ দাউদ: ১১৭৫; নাসাঈ: ৩/১৬১; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৩২২; সুনান বাইহাকী: ৩/৩৫৫; বাগাবী, শারহুস সুনাহ: ১১৬৬; মুসনাদ আহমাদ: ৩/২৫৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন